জেলা পরিষদ
ময়মনসিংহ
www.zpmymensingh.org.bd

স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০০.০০১.৪৯.০০০২.১৫-৮৭৭

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৮ নভেম্বর ২০২৬

"শিক্ষা বৃত্তির বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে শিক্ষা বৃত্তি প্রদানের জন্য **ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দা**, গরীব ও অস্বচ্ছল মেধাবী শিক্ষার্থী যারা **২০২৫ ও ২০২৬ সালের এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান** পরীক্ষায় কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়ে বর্তমানে বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত তাদেরকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন বৃত্তি প্রদানের জন্য আগামী **২৪ ডিসেম্বর ২০২৬** তারিখের মধ্যে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলি

১. আবেদনকারীগণকে **২০২৫ ও ২০২৬ সালের** এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় **জিপিএ-৫.০০** পেয়ে উত্তীর্ণ হতে হবে। ৫.০০ এর নিম্নের জিপিএ প্রাপ্তগণ আবেদন করলে তা সরাসরি বাতিল হবে। মুক্তিযোদ্ধা কোটায় ও প্রতিবন্ধী প্রার্থীগণের ক্ষেত্রে সর্বনিম্ন জিপিএ ৩.৫০ প্রাপ্তগণ আবেদন করতে পারবেন।

২. আবেদনকারীকে বৃত্তির জন্য জেলা পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

৩. জেলা পরিষদ, ময়মনসিংহের নোটিশ বোর্ড এবং জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে আবেদন ফরমের নমুনা দেখা যাবে। জেলা পরিষদ, ময়মনসিংহের ওয়েব সাইট (www.zpmymensingh.org.bd) থেকে আবেদন ফরমের নমুনা ডাউনলোড করে A4 সাইজের কাগজে প্রিন্ট করে আবেদন ফরম প্রস্তুত করা যাবে। A4 সাইজের কাগজে ফটোকপি করা আবেদন ফরমও গ্রহণযোগ্য হবে।

৪. আবেদনপত্রের সঙ্গে নিম্নের কাগজপত্র সংযুক্ত করে দাখিল করতে হবে:-

৪.১. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

৪.২. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমানের পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

৪.৩. **ময়মনসিংহ জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ স্বরূপ অনলাইন জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।**

৪.৪. পরিবারের বাৎসরিক আয়ের পরিমান উল্লেখ করে সংশ্লিষ্ট পৌরসভার প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক প্রদত্ত বাৎসরিক আয় সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। আবেদনকারীর অভিভাবক চাকুরিজীবি হলে বেতন-ভাতাদি উত্তোলনের কপি/প্রত্যয়ন সংযুক্ত করতে হবে।

৪.৫. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণকে প্রমাণক স্বরূপ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রদত্ত আবেদনকারীর পিতা-মাতার মুক্তিযোদ্ধা বিষয়ক সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৪.৬. প্রতিবন্ধী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৫. আবেদনকারী কর্তৃক বৃত্তির আবেদন ফরম সম্পূর্ণ সঠিকভাবে পূরণ করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ ও সংশ্লিষ্ট কাগজপত্রসহ আগামী **২৪ ডিসেম্বর ২০২৬** তারিখের মধ্যে জেলা পরিষদ কার্যালয়, ময়মনসিংহ অথবা স্ব-স্ব উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিয়ে প্রাপ্তি স্বীকারপত্র গ্রহণ করতে হবে। উক্ত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

৬. নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বৃত্তির আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করা যাবে। তবে সেক্ষেত্রে প্রাপ্তি স্বীকারপত্র বৃত্তি প্রদানের পূর্বে অফিস চলাকালীন যেকোন সময়ে গ্রহণ করা যাবে।

৭. নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই শেষে যোগ্য প্রার্থীদের তালিকা জেলা পরিষদের নোটিশ বোর্ড/ওয়েবসাইট/ফেসবুকে প্রদর্শন করা হবে এবং উক্ত তালিকায় শিক্ষা বৃত্তি প্রদানের সময় ও স্থান জানানো হবে। এ ব্যাপারে আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি প্রচার কিংবা পত্র/ই-মেইল মারফত যোগাযোগ করা হবে না।

৮. কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(স্নিগ্ধা দাস)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, ময়মনসিংহ
০২৯৯৬৬-৬৫৮৬৪ (অফিস)
ceozpmym@gmail.com

স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০০.০০১.৪৯.০০০২.১৫-৮৭৭(১২৫)

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৮ নভেম্বর ২০২৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. প্রশাসক, জেলা পরিষদ, ময়মনসিংহ।
৫. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,.....(সকল)।
৮. পুলিশ সুপার, ময়মনসিংহ।
৯. অধ্যক্ষ, ..., ময়মনসিংহ। আবেদন ফরমের নমুনাসহ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ জানানো হলো।
১০. প্রশাসক, ... পৌরসভা, ময়মনসিংহ (সকল)।
১১. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ/পানি উন্নয়ন বোর্ড/গণপূর্ত/জনস্বাস্থ্য প্রকৌশল/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ।
১২. উপজেলা নির্বাহী অফিসার, ...ময়মনসিংহ (সকল)। আবেদন ফরমের নমুনাসহ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শন এবং প্রাপ্ত আবেদনপত্রসমূহ আগামী ২৭ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে জেলা পরিষদ, ময়মনসিংহ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করণের জন্য অনুরোধ জানানো হলো।
১৩. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
১৪. সম্পাদক, দৈনিক **ইনকিলাব**, ঢাকা/দৈনিক **ব্রহ্মপুত্র এক্সপ্রেস**, ময়মনসিংহ। বর্ণিত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় আগামী **২২ নভেম্বর ২০২৬** তারিখের মধ্যে কার্যদিবসের যেকোন দিন ৮" x৩ কলাম আকারে ভিতরের পাতায় প্রকাশ করে ২ কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ জানানো হলো।
১৫. অফিস নথি/নোটিশ বোর্ড।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ময়মনসিংহ